জনাব মোঃ আবদুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয়
এর
বিসিক শিল্পনগরী, জামালপুর (সম্প্রসারণ) পরিদর্শন প্রতিবেদন

গত ২৭ ডিসেম্বর ২০১৯ তারিখ, শুক্রবার জনাব মোঃ আবদুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয় বিসিক শিল্পনগরী, জামালপুর পরিদর্শন করেন। পরিদর্শনকালে জনাব জনাব মোশতাক হাসান এনডিসি, চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, জনাব নেপাল চন্দ্র কর্মকার, উপসচিব, শিল্প মন্ত্রণালয় এবং জনাব দীপঙ্কর রায়, সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), শিল্প মন্ত্রণালয় তাঁর সফরসঙ্গী হন।

সচিব মহোদয় বিকাল ৪.০০ টায় শিল্পনগরী, জামালপুর(সম্প্রসারণ)এ উপস্থিত হন এবং শিল্পনগরী পরিদর্শন শেষে কর্মকর্তা-কর্মচারীদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। মতবিনিময় সভায় জনাব মোঃ সফিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জামালপুর, বিজয় কুমার দত্ত, শিল্প নগরী কর্মকর্তা; জরিপ ও তথ্য কর্মকর্তা জনাব মোঃ ফারুকুল ইসলাম এবং শিল্প উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে সচিব মহোদয় উপস্থিত সকলের সাথে পরিচিত হন। পরিচিতি শেষে শিল্পনগরীর কর্মকর্তা জনাব সম্রাট আকবর, এজিএম ইন চার্জ, জামালপুর (সম্প্রসারণ) সম্পর্কে বিস্তারিত সভায় উপস্থাপন করেন।

২। এক নজরেবিসিকশিল্পনগরী ঃ

০১	শিল্পনগরীর অবস্থান	ঃ	দাপুনিয়া,জামালপুর।
০২	প্রকল্প অনুমোদনের তারিখ	ঃ	১৮ ডিসেম্বর , ১৯৮০ খ্রিঃ।
০৩	প্রকল্প ব্যয়	ঃ	১৬৭.৬৬ লক্ষটাকা।
০৪	মোট জমির পরিমাণ	ঃ	২৬.৩০ একর।
০৫	প্লটের জমির পরিমাণ	ঃ	১৯.৫৬ একর ।
০৬	প্রকল্প সমাপ্তি তারিখ	ঃ	৩০ জুন, ১৯৯০ খ্রিঃ ।
০৭	প্রশাসনিক ভবন এলাকায় জমির পরিমাণ	ঃ	১.১৮ একর ।
০৮	পুকুরের জমির পরিমাণ	ঃ	১.৬১ একর ।
০৯	মসজিদের জন্য ব্যবহৃত জমির পরিমাণ	ঃ	০.৩৩ একর।
১০	রাস্তা ও ড্রেনের জমির পরিমাণ	ঃ	৩.৬২ একর।
১১	মোট প্লট সংখ্যা	ঃ	১৯৭ টি ।
১২	মোট বরাদ্দকৃত প্লট সংখ্যা	ঃ	১৯৭ টি ।
১৩	অবরাদ্দকৃত প্লট সংখ্যা	ঃ	-
১৪	মোট শিল্প ইউনিট সংখ্যা	ঃ	৮৩ টি।
১৫	উৎপাদনরত শিল্প ইউনিটের সংখ্যা	ঃ	৫০ টি ।
১৬	আপীল আবেদনকৃত শিল্প ইউনিট	ঃ	০১ টি।
১৭	রুগ্ন শিল্প ইউনিটের সংখ্যা	ঃ	-
১৮	নির্মাণের অপেক্ষায়/ বাস্তবায়নাধীন শিল্প ইউনিটের সংখ্যা	ঃ	০৬ টি।
১৯	বন্ধ/মামলা শিল্প ইউনিট	ঃ	১৭ টি।
২০	মামলাধীন শিল্প ইউনিট	ঃ	০৯ টি।
২১	বেসরকারি উদ্যোক্তাদের মোট বিনিয়োগ	ঃ	১৩৯৭৮.৬৮ লক্ষ টাকা।
২২	শিল্প ইউনিট থেকে সরকারের বার্ষিক মোট রাজস্ব	ঃ	৩২১৪.৫২ লক্ষ টাকা।
২৩	উৎপাদনরত শিল্প ইউনিটের কর্মসংস্থান	ঃ	১৮৪৮ জন।
২৪	রাস্তা, ড্রেন,কালভার্টসহ অন্যান্য অবকাঠামোগত কর্মকান্ডের বিবরণ	ঃ	বিসিক শিল্পনগরী, জামালপুরে ৪,৮৫০ ফুট রাস্তার মধ্যে ২,৮৩২ ফুট নির্মাণ করা হয়েছে,১১,০২০ ফুট ড্রেনের মধ্যে ৫,২৫০ ফুট নির্মাণ করা হয়েছে, অফিস বাউন্ডারী ৬২৮ ফুট এর মধ্যে ৪৪৭

			ফুট নির্মাণ করা হয়েছে, ৪,৭১৬ ফুট সীমানা প্রাচীর নির্মাণ করা হয়নি এবং ৪০ ফুট করে ২টি গেইট নির্মাণ করা হয়নি। অবশিষ্ট ২,০১৮ (দুই হাজার আঠার) ফুট রাস্তা, ৫৭৭০(পাঁচ হাজার সাতশত সত্তর) ফুট ড্রেন, ১৮১(একশত একাশি) ফুট অফিস বাউন্ডারী, ৪৭১৬ (চার হাজার সাতশত ষোল)ফুট সীমানা প্রাচীরএবং ৪০(চল্লিশ) ফুট করে ২টি গেইট নির্মাণ করা জরুরী।

৩। খাত ওয়ারী শিল্প ইউনিটের তথ্য

ক্রমিক নং	মোট শিল্প ইউনিট	খাত/উপখাত								মন্তব্য
		কেমিক্যাল	প্রকৌশল	বন ও বনজ	খাদ্য ও খাদ্যজাত	বস্ত্র ও বস্ত্রজাত	চামড়া ও চামড়াজাত	প্লাষ্টিক জাত	বিবিধ	মোট শিল্প ইউনিট	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
০১	৮৩ টি	১৪ টি	১৫ টি	০৪ টি	৩১ টি	০৭ টি	০১ টি	০৭ টি	০৪ টি	৮৩ টি	

চালু শিল্পের খাতওয়ারী তথ্য

ক্রমিক নং	মোট চালু শিল্প ইউনিট	খাত/উপখাত									মন্তব্য
		কেমিক্যাল	প্রকৌশল	বন ও বনজ	খাদ্য ও খাদ্যজাত	বস্ত্র ও বস্ত্রজাত	চামড়া ও চামড়াজাত	প্লাষ্টিক জাক	বিবিধ	মোট শিল্প ইউনিট	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
০১	৫০ টি	১০ টি	০৬ টি	০৪ টি	২০ টি	০৪ টি	০১ টি	০১ টি	০৪ টি	৫০ টি	

বন্ধশিল্পেরখাতওয়ারী তথ্য

ক্রমিক নং	মোট বন্ধ শিল্পইউনিট	খাত/উপখাত									মন্তব্য
		কেমিক্যাল	প্রকৌশল	বন ও বনজ	খাদ্য ও খাদ্যজাত	বস্ত্র ও বস্ত্রজাত	চামড়া ও চামড়াজাত	প্লাষ্টিক জাক	বিবিধ	মোট শিল্প ইউনিট	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
০১	১৭ টি	০২ টি	০৫ টি	-	০৬ টি	০১ টি	-	০৩ টি	-	১৭ টি	

নির্মানাধীন শিল্পের খাতওয়ারী তথ্য

ক্রমিক নং	মোট নির্মানাধীন শিল্প ইউনিট	খাত/উপখাত									মন্তব্য
		কেমিক্যাল	প্রকৌশল	বন ও বনজ	খাদ্য ও খাদ্যজাত	বস্ত্র ও বস্ত্রজাত	চামড়া ও চামড়াজাত	প্লাষ্টিক জাক	বিবিধ	মোট শিল্প ইউনিট	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
০১	০৬ টি	০১ টি	০২ টি	-	-	০৩ টি	-	-	-	০৬ টি	

মামলাধীন শিল্পে রখাতওয়ারী তথ্য

ক্রমিক নং	মোট মামলাধীন শিল্প	খাত/উপখাত									মন্তব্য
		কেমিক্যাল	প্রকৌশল	বন ও	খাদ্য ও খাদ্যজাত	বস্ত্র ও বস্ত্রজাত	চামড়া ও চামড়াজাত	প্লাষ্টিক জাক	বিবিধ	মোট শিল্প	

	ইউনিট			বনজ						ইউনিট	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
০১	০৯ টি	০১ টি	০৩ টি	-	০৩ টি	-	-	০২ টি	-	০৯ টি	

আপীল আবেদন শিল্প ইউনিট=০১ টি (খাদ্য ও খাদ্যজাত)

৪। বিসিক শিল্পনগরী, জামালপুর এর সমস্যাসমূহঃ

ক) বিসিক শিল্পনগরী, জামালপুরে ৪,৮৫০ ফুট রাস্তার মধ্যে ২,৮৩২ ফুট নির্মাণ করা হয়েছে। অবশিষ্ট ২,০১৮(দুই হাজার আঠার) ফুট রাস্তা,নির্মাণ করা জরুরী। বিশেষ করে বর্ষাকালে বাস্তায় প্রচুর জলাবদ্ধতা সৃষ্টি হয় যার ফলে শিল্প কারখানার উৎপাদিত পণ্যের লোড-আনলোড করা সমস্যা হয়।

খ) বিসিক শিল্পনগরী, জামালপুরে ১১,০২০ ফুট ড্রেনের মধ্যে ৫,২৫০ ফুট নির্মাণ করা হয়েছে। অবশিষ্ট ৫৭৭০ (পাঁচ হাজার সাত শত সত্তর) ফুট ড্রেন নির্মাণ করা জরুরী। ড্রেনেজ ব্যবস্থা না থাকায় পানি নিষ্কাশনে সমস্যা হচ্ছে।

গ) অফিস বাউন্ডারী ৬২৮ ফুট এর মধ্যে ৪৪৭ ফুট নির্মাণ করা হয়েছে। এছাড়াও ৪,৭১৬ ফুট সীমানা প্রাচীর নির্মাণ করা হয় নি এবং ৪০ ফুট করে ২টি গেইট নির্মাণ করা হয় নি। শিল্পনগরী অভ্যন্তরে নিরাপত্তা জোরদারের জন্য আপাতত: ২টি গেইট নির্মাণ করা খুবই জরুরী।

ঘ) শিল্পোৎপাদন নিশ্চিতকরণের লক্ষ্যে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ প্রাপ্তির জন্য বিদ্যুতের পৃথক ফিডার স্থাপন করা জরুরী।

ঙ) অত্র কার্যালয়ে গাড়ী না থাকার কারণে শিল্প মন্ত্রণালয়সহ বিসিকের উর্দ্ধতন কর্তৃপক্ষ পরিদর্শনে আসলে প্রচুর সমস্যার সম্মুখীন হতে হচ্ছেএবং স্থানীয়ভাবে বিভিন্ন সভায় অংশ গ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে।

৫। সচিব মহোদয়ের নির্দেশনাঃ

শিল্পনগরীর সার্বিক তথ্য এবং উদ্ভুত সমস্যা সম্পর্কে অবহিত হবার পর সচিব মহোদয় বিসিক, জামালপুর-এর কর্মকান্ড জোরদার করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন-

৫.১) বিসিকের প্রাপ্য রাজস্ব ও বিভিন্ন ফি শতভাগ আদায় করতে হবে;

৫.২) ব্যাংক, জেলা প্রশাসন এবং চেম্বারের সাথে একত্রে আলোচনা করে মামলা-মোকদ্দমা দ্রুত নিষ্পত্তির উপায় বের করতে হবে;

৫.৩) যে সকল উদ্যোক্তা বড় আকারের ঋণ গ্রহণ করেছেন তার যথাযথ ব্যবহার হচ্ছে কি-না তার জন্য মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে;

৫.৪) ঋণ গ্রাহী উদ্যোক্তাদের জন্য হিসাবরক্ষণের ওপর প্রতি নিয়ত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে যাতে তাদের গৃহীত ঋণের হিসাব সহজেই বোঝা যায়;

৫.৫) স্কিটি থেকে প্রশিক্ষক এনে উদ্যোক্তাদেরকে ম্যানেজমেন্ট ও প্রোডাক্ট মার্কেটিং-এ প্রশিক্ষণ প্রদান করতে হবে;

৫.৬) শ্রম আইনের যথাযথ প্রয়োগ হচ্ছে কি-না, ইন্সপেক্টর অব ফ্যাক্টরিজ ঠিকমত তাঁর দায়িত্ব পালন করছে কি-না তা মনিটরিং করতে হবে;

৫.৭) আয়কর বিভাগ থেকে প্রশিক্ষক এনে আয়করের ওপর প্রশিক্ষণ ও সেশন পরিচালনা করার ব্যবস্থা করতে হবে;

৫.৮) শিল্প মেলার আয়োজন করতে হবে এবং মেলার মধ্যে উদ্যোক্তা ও শিল্প সম্পর্কিত কর্মশালা ও সেমিনারের আয়োজন করতে হবে;

৫.৯) স্থানীয় হস্তশিল্পের বিভিন্ন উৎপাদিত পণ্যের ব্র্যান্ডিং করার জন্য বিভিন্নভাবে সাহায্য করতে হবে;

৫.১০) স্থানীয় উদ্যোক্তাদের সহজাত দক্ষতাকে (Inherent Skills) আধুনিক শিল্প ভাবনার সাথে সমন্বয় ঘটানোর প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং তা অব্যাহত রাখতে হবে;

৫.১১) কোন উদ্যোক্তাকে ঋণ প্রদান করার পূর্বে তাকে সংশ্লিষ্ট ট্রেড বা পণ্যে যথাযথ প্রশিক্ষণ প্রদান করে ব্যবসা করার উপযোগী করে গড়ে তুলতে হবে;

৫.১২) যেহেতু হস্তশিল্প উদ্যোক্তাদের দেয় ঋণের পরিশোধের হার ভাল তাই তাদেরকে ঋণ দেওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে;

৫.১৩) উদ্যোক্তাদের নিয়ে নিয়মিত মাসিক সভার আয়োজন করতে হবে।

৫.১৪) শিল্পনগরীর চালু হওয়ার পর থেকে কতজন উদ্যোক্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তাদের মধ্যে কতজন উদ্যোক্তা হিসেবে ব্যবসাশুরু করেছেন, যারা উদ্যোক্তা হিসেবে ব্যবসা শুরু করতে গিয়ে কি কি সমস্যার সম্মুখীন হয়েছেন এবং তারা এখান থেকে কী কী সহায়তা পেয়েছেন ইত্যাদি সবকিছুর তথ্য নিয়ে ডাটা বেইজ তৈরি করতে হবে এবং

৫.১৫) নকশী কাঁথা বা এ ধরণের সহজাত হস্তশিল্প নিয়ে জামালপুরে যারা ব্যবসায়িক প্রতিষ্ঠান গড়েছেন সে সকল উদ্যোক্তাদের ডাটা বেইজ তৈরি করতে হবে।

৬। বাস্তবায়নেঃ

ক) অতিরিক্ত সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়।
খ) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, মতিঝিল, ঢাকা।
গ) যুগ্মসচিব (বিসিক),শিল্প মন্ত্রণালয়।
ঘ) পরিচালক (সকল),বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ঢাকা
ঙ) জেলা প্রশাসক, জামালপুর।
চ) প্রমোশন কর্মকর্তা, ও সহকারী মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বিসিক, জামালপুর।
ছ) শিল্প নগরী কর্মকর্তা, বিসিক, জামালপুর এবং
জ) সম্প্রসারণ কর্মকর্তা,বিসিক, জামালপুর।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম আগামী এক মাসের মধ্যে শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮.১.২০২০

দীপঙ্কর রায়
সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়
ফোন নম্বর: ০৮+০২ ৯৬৫৩৫৮২
ই-মেইলঃ ps2secy@moind.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮-৬৪৭/৮৬

তারিখঃ ২৪ পৌষ ১৪২৬ / ০৮ জানুয়ারি ২০২০

বিতরণ, সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) অতিরিক্ত সচিব (বিসিক) শিল্প মন্ত্রণালয় (সচিবের নির্দেশনা বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, বিসিআইসিকে পত্র দেয়ার জন্য অনুরোধসহ)
২) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ঢাকা
৩) পরিচালক (সকল),বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, ঢাকা
৪) জেলা প্রশাসক, জামালপুর
৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
৭) উপসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়
৮) সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৯) সিনিয়র সহকারী সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়
১০) আঞ্চলিক কর্মকর্তা, বিসিক আঞ্চলিক অফিস, চট্টগ্রাম
১১) শিল্পনগরী কর্মকর্তা, বিসিক শিল্পনগরী, কালুরঘাট, চট্টগ্রাম
১২) এজিএম ইন চার্জ, বিসিক শিল্পনগরী, জামালপুর (সম্প্রসারণ)
১৩) অফিস কপি।

০৮/০১/২০

সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়